# সোনালী ব্যাংক পিএলসি.
বিশ্বস্ত ও স্মার্ট

## নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

অর্থঋণ আদালত আইন'২০০৩ এর ১২(৩) ধারা মোতাবেক

বন্ধকীকৃত সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তিঃ হিসাব- মেসার্স মায়ের দোয়া স্টোর

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মেসার্স মায়ের দোয়া স্টোর, প্রোঃ- মোঃ এরশাদুল হক, পিতা- মোঃ আব্বাস আলী, মাতা- লালবানু, ব্যবসায়িক ঠিকানা- নারায়ণডহর বাজার, ডাকঘর নারায়ণডহর, উপজেলা- পূর্বধলা,জেলা-নেত্রকোণা, স্থায়ী ও বর্তমান ঠিকানা সাকিন- উকুয়াকান্দা, ডাকঘর নারায়ণডহর, উপজেলা- পূর্বধলা,জেলা-নেত্রকোণা এদের নিকট ৩১/১২/২০২৪ তারিখ পর্যন্ত মোট পাওনা ১৭,৯৯,৮৮৫ টাকা মাত্র (সতেরো লক্ষ নিরানব্বই হাজার আটশত পঁচাশি) এবং উক্ত হিসাবের বিপরীতে আদায়কালতক অনারোপিত সুদসহ অন্যান্য যাবতীয় খরচাদি আদায়ের নিমিত্তে অর্থ ঋণ আদালত আইন-২০০৩ ( সংশোধন ২০১০ ) এর ১২ ধারা ও আম-মোক্তারনামা দলিলের অর্পিত ক্ষমতাবলে নিম্ন তফসিলভূক্ত বন্ধকী সম্পত্তি, তদউপরিস্থিত যাবতীয় স্থাপনা, হাইপোথিকেটেড যন্ত্রপাতি ও মজুদ মালামাল যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় বিক্রয়ের জন্য নিম্নে বর্ণিত শর্তে আগ্রহী ক্রেতা/ক্রেতাগণের নিকট হইতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

### বন্ধকীকৃত সম্পত্তির তফসিলঃ

#### তফসিল-১

মালিক মোঃ এরশাদুল হক, পিতা- মোঃ আব্বাস আলী, মাতা- লালবানু, স্থায়ী ও বর্তমান ঠিকানা সাকিন- উকুয়াকান্দা, ডাকঘর নারায়ণডহর, উপজেলা- পূর্বধলা,জেলা-নেত্রকোণা ।

| মৌজা | জেএলনং | খতিয়ান নং | | | | দাগ নং | | শ্রেণী | পরিমাণ (একর) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সিএস | আরওআর | বিআরএস | খারিজ | সিএস/ আরওআর | বিআরএস | | |
| নারায়নডহর | ১২০ | ২২৬ | ৩২৫ | ১৩৫ | ৫১৬ | ৩৪৫ | ৬৫৩ | কান্দা | ০.৬৪ |
| | | | | | | | | মোট | ০.৬৪ একর |

#### তফসিল-০২

মালিক ১। মোঃ এরশাদুল হক, পিতা- মোঃ আব্বাস আলী, মাতা- লালবানু,২। মোঃ মস্তুল হক, পিতা- মোঃ আব্বাস আলী, মাতা- লালবানু ৩। মোছাঃ রুবা আক্তার স্বামী: মোঃ আব্বাস আলী সর্ব স্থায়ী ও বর্তমান ঠিকানা সাকিন- উকুয়াকান্দা, ডাকঘর নারায়ণডহর, উপজেলা- পূর্বধলা,জেলা-নেত্রকোণা ।

| মৌজা | জেএলনং | খতিয়ান নং | | | | দাগ নং | | শ্রেণী | পরিমাণ (একর) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সিএস | আরওআর/ এসএ | বিআরএস | খারিজ | সিএস/ আরওআর | বিআরএস | | |
| কৃষ্ণপুর তারাকান্দা | বিআরএস ১১৯ | ১৯ | ৪ | ৩৯ | ১৪৩ | ২৪৬ | ২৬৬ | নামা | ০.৬০ |
| নারায়নডহর | বিআরএস ১২০ | ৫৯ | ১০১ | | ৫০৭ | ৩৩৪ | | নামা | ০.০৫ |
| | | ৫৯ | ১০১ | | | ৩৩৫ | | নামা | ০.০৪ |
| | | ৫৯ | ১০১ | | | ৩৩৬ | | নামা | ০.১৮ |
| | | ২২৬ | ৩২৫ | | | ৩৪৫ | | কান্দা | ০.২৩ |
| | | ২১৭ | ২৯৯ | | | ৩৫২ | | কান্দা | ০.১২ |
| | | ২১৭ | ২৯৯ | | | ৩৬৫ | | কান্দা | ০.০২ |
| | | | | | | | | মোট | ১.২৪ |
| সর্বমোট | | | | | | | | | ১.৮৮ একর |

মোয়াজী: এক একর আটাশি শতাংশ ভূমি ও তদস্থিত স্থাপনা।

সোনালী ... ব্যবস্থাপক

ঃ শর্তাবলী ঃ

১) আগামী ২৮/০২/২৫ তারিখ বেলা ৪.০০ ঘটিকার মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, পূর্বধলা শাখা , নেত্রকোণা এবং সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল অফিস নেত্রকোণায় রক্ষিত টেন্ডার বাক্সে জমা প্রদান কিংবা রেজিষ্টার্ড ডাকযোগে পাঠাতে হবে। ঐ দিনই বিকাল ৪.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) টেন্ডার বাক্স খোলা হবে।

২) দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্টাক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতার/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জাতীয় পরিচয়পত্রের নাম্বার, কোম্পানী/ফার্মের ক্ষেত্রে উহার নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা গুদামে মজুদ সমূদয় মালামাল (যেখানে যে অবস্হায় রহিয়াছে )/ সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হবে।

৩) দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেষ্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইলঃ

| আর্নেষ্ট মানি/জামানতের পরিমাণ | অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা |
|---|---|
| উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যেও ২০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে |
| উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে |
| উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে |

৪) দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্ত জামানত একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি/মালামাল নিলাম খরিদ করতে আহবান করা হবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহুত হবার পর ০৩ নং অনুচ্ছেদ নির্ধারিত সময়সীমার মধ্যে ) সম্পূর্ণ মূল্য পরিশোধ করবেন এবং তা করতে ব্যর্থ হলে তার জামানত বাজেয়াপ্ত হবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা ইক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

৫) দরপত্রের প্রদত্ত মালামাল/তফসিলভুক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে দরপত্র বাতিল করিতে পারিবে।

৬) দরপত্রদাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারবেন। তবে একই তফসিলভূক্ত সম্পত্তির জন্য আংশিক দরপত্র গ্রহনযোগ্য হবে না।

৭) নিলাম ক্রেতা কর্তৃক সমূদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষ নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তির রেজিস্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।

৮) ঋণ গ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি / মালামাল সংক্রান্ত কোন সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- পৌরসভা, সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, পল্লীবিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর, মূল্য সংযোজন কর ইত্যাদিসহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকলে তা দরদাতাকে বহন করতে হবে।

৯) ব্যাংক কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার এবং এই বিজ্ঞপ্তির যে কোন শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করে।

১০) দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ৩(দিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।

১১) দরপত্রের মাধ্যমে নিলাম কার্যক্রমে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠান বিস্তারিত তথ্যের জন্য নিম্ন স্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করতে পারবেন।

(রাজীব সাহা)
ম্যানেজার
(সিনিয়র প্রিন্সিপাল অফিসার)
সোনালী ব্যাংক পি এল সি.
পূর্বধলা শাখা, নেত্রকোণা।